

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৮, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

শাখা (বিধি-১)

প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে কার্তিক, ১৩৯৭/৬ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও নং ৩৮২-আইন/৯০সম (আর-২)এস-৬৭/৮৭ (অংশ) — গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০ (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।— এই বিধিমালা এডহক চাকুরী গণনা (জ্যেষ্ঠতা নির্ধারণ) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “এডহকভিত্তিক নিযুক্ত” অর্থ কোন পদে এডহকভিত্তিক বা সম্পূর্ণ অস্থায়ীভাবে নিযুক্ত ;
- (খ) “এডহক চাকুরীকাল” অর্থ কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত থাকার সময়কাল ;
- (গ) “কর্মকর্তা” অর্থ কোন পদে নিযুক্ত কর্মকর্তা এবং উক্তরূপ কোন কর্মচারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
- (ঘ) “নিয়মিতভাবে নিযুক্ত” অর্থ সংশ্লিষ্ট পদের নিয়োগবিধির বিধান অনুযায়ী বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ নীতিমালার দ্বারা নির্দিষ্টকৃত পদ্ধতি অনুযায়ী নিয়োগ প্রদানে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত ;
- (ঙ) “পদ” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চাকুরীর কোন পদ।

(৮২৫৯)

মুদ্রা: ৩০ পরমা

৩। বিধিমালায় প্রাধান্য।— আপাততঃ বলবৎ কোন আইনে বাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালায় বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। জ্যেষ্ঠতা নির্ধারণে কতিপয় কর্মকর্তার এডহক চাকুরীকাল গণনা।— (১) নিম্নবর্ণিত কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারণে তাহাদের এডহক চাকুরীকাল এই বিধিমালায় বিধান অনুযায়ী গণনা করা হইবে, যথা:—

- (ক) ৯ই এপ্রিল, ১৯৭২ এর পূর্বে কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত হইয়া উক্ত তারিখ এবং ১২ই মে, ১৯৮৩ এর মধ্যে যে কোন সময় একই পদে নিয়মিতভাবে নিযুক্ত কোন কর্মকর্তা।
- (খ) ৯ই এপ্রিল, ১৯৭২ হইতে ১২ই মে, ১৯৮৩ পর্যন্ত সময়-সীমার মধ্যে কোন পদে এডহকভিত্তিক নিযুক্ত হইয়া উক্ত সময়-সীমার মধ্যে যে কোন সময় একই পদে নিয়মিতভাবে নিযুক্ত কোন কর্মকর্তা।

(২) উপ-বিধি (১) এ বাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত ব্যক্তিগণ উক্ত উপ-বিধিতে উল্লিখিত সূবিধা পাইবেন না, যথা:—

- (ক) এডহকভিত্তিক নিযুক্ত হওয়ার সময় সংশ্লিষ্ট পদের জন্য প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ নীতিমালার শর্ত মোতাবেক নিযুক্ত হন নাই এমন কর্মকর্তা ;
- (খ) উক্তরূপে নিযুক্ত হওয়ার সময় সংশ্লিষ্ট পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ছিল না এমন কর্মকর্তা ;
- (গ) উক্তরূপে নিযুক্ত হওয়ার পর হইতে নিয়মিতভাবে নিযুক্ত হওয়ার সময় পর্যন্ত একই পদে চাকুরীর ধারাবাহিকতা রক্ষা করিতে পারেন নাই এমন কর্মকর্তা ;
- (ঘ) নিয়মিতভাবে নিযুক্তির জন্য কমিশন কর্তৃক পরিচালিত পরীক্ষা বা সাক্ষাৎকারে প্রথমবারে উহার সুপারিশ লাভে ব্যর্থ হইয়াছেন এমন কর্মকর্তা।

৫। এডহক চাকুরীকাল গণনার তারিখ।—(১) বিধি ৪(১)(ক) তে উল্লিখিত কোন কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য ৯ই এপ্রিল, ১৯৭২ হইতে তাহার চাকুরী গণনা করা হইবে।

(২) বিধি ৪(১)(খ) তে উল্লিখিত কোন কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য তাহার এডহকভিত্তিক নিযুক্ত হওয়ার তারিখ হইতে চাকুরী গণনা করা হইবে।

৬। পারম্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণে কতিপয় নীতিমালা।— (১) একই তারিখে এডহকভিত্তিক নিযুক্ত কর্মকর্তাগণ—

- (ক) উক্তরূপ নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে ;
- (খ) উক্তরূপ তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকা বা না পাওয়ার ক্ষেত্রে, তাহাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের, উক্ত বৎসর একই হইলে বৎসরের ভিত্তিতে জ্যেষ্ঠতা পাইবেন।

(২) একই তারিখে নিয়মিতভাবে নিযুক্ত এবং এডহকভিত্তিক নিযুক্ত কর্মকর্তাগণের মধ্যে নিয়মিতভাবে নিযুক্ত কর্মকর্তাগণ জ্যেষ্ঠত্ব পাইবেন।

৭। বিধিগত জ্যেষ্ঠতা ও প্রাপ্ত পদোন্নতি রক্ষণ।— (১) বিধি ৪ এ উল্লিখিত সুবিধা প্রাপক কোন কর্মকর্তার জ্যেষ্ঠতা সংস্থাপন মন্ত্রণালয়ের ২২শে এপ্রিল, ১৯৮৪ তারিখের অফিস স্মারক নং এমই(আর-২)এস-৩৪/৮৪-৭৮(৫০০) এর উপর ভিত্তি করিয়া, এই বিধিমালার প্রবর্তনের পূর্বে, নির্ধারণ করা হইয়া থাকিলে উহা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, কার্যকর থাকিবে এবং উক্তরূপ নির্ধারণ এই বিধিমালার অধীন করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) এই বিধিমালার কোন কিছুই উহাদের কার্যকর হওয়ার পূর্বে প্রাপ্ত কোন কর্মকর্তার পদোন্নতি ক্ষুণ্ণ করিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, রশ্বানী

সচিব।